



অপ্রতিম হত্যা মামলায় সন্দেহভাজন ৩ জনকে গ্রেপ্তার করেছে এসআরবি



ছবি: সংগৃহীত

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের সহযোগী অধ্যাপক ড. নাহিদা বেগমের ১৩ বছর বয়সী একমাত্র ছেলে অপ্রতিম হত্যার ঘটনায় মো. আনাস নামে আরও একজনকে আটক করেছে স্পেশাল রেসপন্স ব্যাটালিয়ন (এসআরবি)। তাকে জিজ্ঞাসাবাদের জন্য হেফাজতে নেওয়া হয়েছে। এ নিয়ে এ ঘটনায় মোট তিন জনকে আটক করা হলো।

শনিবার (১৯ সেপ্টেম্বর) সন্ধ্যায় বিষয়টি নিশ্চিত করেন এসআরবি-১১, সিপিএসি-২-এর কুমিল্লা ক্যাম্পের এক দায়িত্বশীল কর্মকর্তা। আটক আনাসের বিষয়ে বিস্তারিত তথ্য তৎক্ষণিকভাবে জানা যায়নি।

এর আগে শুক্রবার (১৮ সেপ্টেম্বর) বিকেলে কুমিল্লার কোটবাড়ি এলাকা থেকে নিখোঁজ হয় অপ্রতিম। সে কোটবাড়ি এলাকার বর্ডার গার্ড পাবলিক স্কুলের সপ্তম শ্রেণির শিক্ষার্থী। বিকেলে মায়ের আইফোন নিয়ে ছবি তুলতে বের হওয়ার পর আর বাড়িতে ফেরেনি। পরে তার বাবা ফিরোজ শাহরিয়ার সদর দক্ষিণ মডেল থানায় নিখোঁজের বিষয়ে একটি সাধারণ ডায়েরি (জিডি) করেন।

নিখোঁজের পরদিন শনিবার দুপুরে কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের দক্ষিণ গেটসংলগ্ন লালমাই পাহাড়ঘেঁষা সানন্দা গ্রামের একটি বোপ থেকে অপ্রতিমের মরদেহ উদ্ধার করে পুলিশ।

এ ঘটনায় এর আগে তুহিন ও ফাহিম নামে আরও দুজনকে আটক করে পুলিশ। প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে, অপ্রতিমের সঙ্গে থাকা আইফোনটি নেওয়ার উদ্দেশ্যেই তাকে হত্যা করা হয়ে থাকতে পারে। তবে বিষয়টি নিশ্চিত হতে আটক ব্যক্তিকে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে।

জেলা পুলিশ সুপার জানিয়েছেন, প্রকৃত হত্যাকারী শনাক্ত ও গ্রেপ্তার না হওয়া পর্যন্ত তদন্ত অব্যাহত থাকবে।